



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোনঃ ৯৫৬০৫৭৪, ই-মেইলঃ pru.bhbfc@gmail.com

প্রেস বিজ্ঞপ্তি

## বিএইচবিএফসি'র

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন



গত ২১ ফেব্রুয়ারি যথাযথ মর্যাদা ও আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। এদিন প্রত্যুষে কেন্দ্রীয় শহীদ মিনারে এবং সদর দফতরে প্রতিষ্ঠিত নিজস্ব শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ ও ব্যবস্থাপনা পরিচালক ওমর ফারুক।

এ সময় কর্পোরেশনের মহাব্যবস্থাপক মো. আমিন উদ্দিনসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এছাড়াও সদর দফতর বঙ্গবন্ধু ও বঙ্গমাতা পরিষদ, কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ এবং ঢাকাস্থ ৭টি জোনাল অফিসের ব্যবস্থাপকদের নেতৃত্বে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

আনুষ্ঠানিকতার দ্বিতীয় পর্যায়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মচারী ইউনিয়ন, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা পরিষদ, বিভিন্ন বিভাগীয় প্রধান, মহাব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালক ও পর্ষদ চেয়ারম্যান জাতীয় জীবনে দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। পর্ষদ চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ ও ব্যবস্থাপনা পরিচালক ওমর ফারুক শহীদদের আত্মত্যাগের মহিমায় উজ্জীবিত হয়ে দেশ মাতৃকার মঞ্জল ও উন্নয়নের স্বার্থে সম্মিলিতভাবে কাজ করার জন্য সকলকে উদ্বার্ত আহবান জানান।